


**উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর, লালমনিরহাট**

**ইতিহাসঃ** ১৭৯৫ সালে বৃটিশ আমলে এই উপমহাদেশে পশু চিকিৎসা ইউনিটের যাত্রা শুরু হয়। ১৮৮৩ সালে বৃটিশ সরকার একে সিভিল ভেটেরিনারি বিভাগে পরিণত করে। এই বিভাগের সদর দপ্তর ছিল কলকাতায়। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর এর নাম পরিবর্তন করে পূর্ব পাকিস্তান পশু-পালন অধিদপ্তর নামকরণ করা হয়। পরবর্তীতে ১৯৬০ সালে পশুসম্পদ অধিদপ্তর হিসেবে পূর্ব পাকিস্তানে কাজ করে। ১৯৭১ সালে কুড়িগ্রাম জেলার পশুসম্পদ বিভাগের আওতায় লালমনিরহাট উপ-বিভাগীয় পশুসম্পদ দপ্তর নামে পশুসম্পদ এর চিকিৎসা, টিকা প্রদান ও অন্যান্য কার্যক্রম চলতে থাকে। পরবর্তীতে ১৯৮৫ সালে উপজেলা পশুসম্পদ দপ্তর নামে আলাদা দপ্তর হিসেবে উপজেলা পরিষদের আওতায় ন্যাস্ত হয়। পরবর্তীতে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর, লালমনিরহাট হিসেবে দপ্তরটি পরিচিত হয়।

**অবস্থানঃ** উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর, লালমনিরহাট, উপজেলা পরিষদের মধ্যে আলাদা ভবন নিয়ে একটি দপ্তর। দপ্তরটির উত্তরে জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়, দক্ষিণে লালমনিরহাট সদর হাসপাতাল রোড, পূর্বে ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল এবং পশ্চিমে পরিসংখ্যান ও সমবায় অফিস।